নিরাপদ এবং সবাইকে গ্রহণ করে এমন স্কুলগুলি সৃষ্টি করা: অ্যাক্সেপ্টিং স্কুলস্ অ্যাক্ট (বিল 13) সম্বন্ধে পেরেন্টদের জন্য তথ্য

আমরা জানি যে ছাত্রদের সাফল্য ও ভাল থাকার জন্য একটি নিরাপদ, অন্তর্ভুক্তিকর এবং সবাইকে গ্রহণ করে এমন স্কুল আবশ্যক।

সেই কারণেই সরকার বিল 13, *অ্যাক্সেপ্টিং স্কুলস্ অ্যাক্ট পেশ করেছিল*, যা এখন আইন হিসাবে পাস হয়েছে।

বিল 13 কী?

বিল 13 অনুযায়ী স্কুল বোর্ডগুলি আমাদের স্কুলের ছাত্রদের মধ্যে অনুপযুক্ত ও অসম্মানজনক আচরণ প্রতিরোধ করতে এবং তার প্রতি নজর দিতে বাধ্য। এই আচরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত হল উত্‌পীড়ন, বৈষম্য ও হয়রানি। নতুন আইন এটা স্পষ্ট করে দেয় যে এই আচরণগুলি আমাদের স্কুলে গ্রহণযোগ্য নয়। এটা জাতি, লিঙ্গ, যে কোনও লিঙ্গের মানুষের প্রতি যৌন আকর্ষণ, প্রতিবন্ধকতা বা অন্য যে কোনও বিষয় নির্বিশেষে সমস্ত ছাত্রদের প্রতি সম্মান এবং বোঝাপড়ার প্রসার ঘটায়।

বিল 13 কীভাবে স্কুল ও বোর্ডগুলিকে উত্‌পীড়ন সহ অযথাযথ আচরণ প্রতিরোধ করতে এবং তার প্রতি নজর দিতে সাহায্য করে?

এটা স্কুল বোর্ড ও স্কুলগুলির দ্বারা ইতিমধ্যে সম্পন্ন কাজের ভিত্তিতে হয়। বিল 13 অনুযায়ী বোর্ডগুলি নিম্নলিখিত কাজগুলি করতে বাধ্য:

- ক্রমশঃ শাস্তির মাত্রা বাড়ানো, উত্‌পীড়ন প্রতিরোধ ও হস্তক্ষেপ এবং সাম্য ও অন্তর্ভুক্তিকর শিক্ষা বিষয়ক নীতিগুলি থাকতে হবে।
- যে ছাত্ররা অন্যদের উত্‌পীড়ন করে, তাদের আরও কঠোর পরিণতির সম্বন্ধে বিবেচনা করতে হবে। এর মধ্যে নিলম্বিত করা এবং ছাত্রটিকে যদি ইতিমধ্যেই উত্‌পীড়নের জন্য বহিষ্কার করাহয়ে থাকে:
  - এবং স্কুলে ছাত্রটির উপস্থিতি যদি অন্যদের নিরাপত্তার পক্ষে একটি অ-গ্রহণযোগ্য ঝুঁকি তৈরি করে, অথবা উত্‌পীড়নের ঘটনাটি যদি পক্ষপাত, পূর্বধারণা বা ঘৃণার দ্বারা অনুপ্রেরিত হয়ে থাকে,
  - তাহলে তাকে বহিষ্কার করার কথা বিবেচনা করাও অন্তর্ভুক্ত হতে পারে।

  এডুকেশন অ্যাক্ট অনুযায়ী নিলম্বিত ও বহিষ্কৃত ছাত্রদের জন্য ইতিমধ্যেই সহায়তা প্রয়োজন হয়:
  - যদি ছাত্রদের বহিষ্কার করা হয় অথবা দীর্ঘকালের জন্য (পাঁচটি স্কুল দিবসের বেশি) নিলম্বিত করা হয়, তাহলে তারা নিলম্বন/বহিষ্কার কর্মসূচীর মাধ্যমে পড়াশোনা/পড়াশোনা ছাড়া অন্য বিষয়ে সহায়তা পাবে। যে সব ছাত্রকে পাঁচ দিন পর্যন্ত নিলম্বিত করা হয়েছে, তারা একটি হোমওয়ার্ক প্যাকেজ পাবে।
- উত্‌পীড়ন প্রতিরোধ করা এবং স্কুলের ইতিবাচক পরিবেশের প্রসার ঘটানো সম্বন্ধে বার্ষিক ভিত্তিতে শিক্ষকদের এবং স্কুলের অন্য কর্মীদের প্রশিক্ষণ ও তথ্য প্রদান করতে হবে।
- তাদের বহু-বার্ষিক পরিকল্পনায় ইতিবাচক স্কুলের পরিবেশ এবং উৎপীড়ন প্রতিরোধকে কেন্দ্র করে কিছু লক্ষ্যকে অন্তর্ভুক্ত করতে হবে এবং এই পরিকল্পনাগুলিকে জনগণের কাছে উপলব্ধ করাতে হবে।

বিল 13 কি অধ্যক্ষদের ভূমিকার পরিবর্তন করেছে?

- বিলটি অধ্যক্ষদের নতুন, সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করে। তাদের এখন নিম্নলিখিত কাজগুলি করতে হয়:
  - একজন বোর্ড কর্মীর দ্বারা রিপোর্ট করা উত্‌পীড়ন সহ যে কোনও ঘটনার তদন্ত করতে হয়, যার ফলস্বরূপ ছাত্রটিকে নিলম্বন বা বহিষ্কার করা হতে পারে।
  - যে ছাত্ররা অন্য একজন ছাত্রের ক্ষতি করেছে তাদের পেরেন্ট/অভিভাবকদের ঘটনাটির সম্বন্ধে জানাতে হয়, যখন ছাত্রদের আচরণের ফলস্বরূপ তাদের নিলম্বন বা বহিষ্কার করা হতে পারে। তাদের বাচ্চাদের যে সহায়তা প্রদান করা হবে, সেই সম্বন্ধে আলোচনা করার জন্য পেরেন্টদের আমন্ত্রণ জানাতে হবে।
  - যে ছাত্রের ক্ষতি করা হয়েছিল তাকে যে সহায়তা দেওয়া হবে সেই সম্বন্ধে আলোচনা করার জন্য তার পেরেন্ট/অভিভাবককে আমন্ত্রণ জানাতে হবে। অধ্যক্ষরা ইতিমধ্যেই এই পেরেন্টদের জানাতে বাধ্য আছেন।
  - শিক্ষকদের সঙ্গে, এবং যেখানে যথাযথ হবে সেখানে বোর্ডের অন্য কর্মীদের সঙ্গেও বার্তালাপ করতে হয়, যারা এমন একটি ঘটনার সম্বন্ধে রিপোর্ট করেছিলেন যার ফলস্বরূপ একজন ছাত্রকে নিলম্বন বা বহিষ্কার করা হতে পারে। অধ্যক্ষরা ঘটনাটির সম্বন্ধে তাদের তদন্তের ফলাফলগুলির ব্যাপারে তাদের জানাতে বাধ্য থাকবেন।

বিল 13 কি বোর্ড ও স্কুলগুলিকে পেরেন্ট, ছাত্র এবং অন্যান্য কর্মী ও অংশীদারদের অংশ নিতে সাহায্য করে?

বিলটি পেরেন্টদের সহায়তার সম্বন্ধে আরও জানতে সাহায্য করে স্কুলের পরিবেশ গড়ে তোলার জন্য যে প্রচেষ্টা করছে, বিলটি সেই সম্বন্ধে পেরেন্টদের আরও জানতে সাহায্য করে।

বোর্ডগুলিকে যা করতে হয়:

- বাচ্চারা যে সহায়তা পাচ্ছে সেই বিষয়ে তাদের পেরেন্টরা যদি কোনও উদ্বেগ থাকে, তাহলে এমন একটি প্রক্রিয়া নির্ধারণ করতে হবে যেটা পেরেন্টরা অনুসরণ করবেন।
- এমন একটি প্রক্রিয়া তৈরি করতে হবে যা ছাত্র, পেরেন্ট এবং অন্যদের উত্‌পীড়নের ঘটনার সম্বন্ধে নিরাপদে রিপোর্ট করার সুযোগ দেয়।
- কমপক্ষে প্রত্যেক দুই বছরে একবার কর্মী, ছাত্র এবং পেরেন্টদের নিয়ে স্কুলের পরিবেশ সমীক্ষা পরিচালনা করতে হবে।
- ছাত্রদের নিরাপত্তা এবং স্কুলের পরিবেশের সম্বন্ধে জানার জন্য, পেরেন্টদের আরও বেশি সুযোগ দিতে হবে।

বিল 13 কীভাবে ছাত্রদের সহায়তা দেয়?

বিল 13 এর বাধ্যবাধকতাগুলি:

- যে ছাত্ররা অযথাযথ আচরণে অংশ নিয়েছে অথবা খারাপ আচরণের দ্বারা প্রভাবিত হয়েছে, স্কুলগুলিকে তাদের সহায়তা দিতে হবে।

ISBN 978-1-4606-1134-0 (PDF) (Bengali) © Queen's Printer for Ontario, 2013

Ontario

- স্কুলগুলিকে উত্পীড়নকারী এবং উত্পীড়নের শিকার উভয়কেই এবং ঘটনার সাক্ষী থাকা লোকদেরও কর্মসূচী, হস্তক্ষেপ বা অন্যান্য সহায়তা প্রদান করতে হবে।
- স্কুলগুলিকে উত্পীড়নের ঘটনার সম্বন্ধে নিরাপদে রিপোর্ট করার উপায় প্রদান করতে হবে।
- বোর্ড ও স্কুলগুলিকে তাদের স্কুলে নিচের বিষয়গুলির মত নানা বিষয়ে সমস্ত ছাত্রদের মধ্যে সচেতনতা ও ধারণা বৃদ্ধি করার জন্য, ছাত্রদেরকে গ্রুপ গঠনের অনুমতি দিতে হবে:
  - জাতিবাদ-বিরোধিতা;
  - প্রতিবন্ধী মানুষ;
  - লিঙ্গগত ন্যায়পরায়ণতা:
  - যে কোনও লিঙ্গের মানুষের প্রতি যৌন আকর্ষণ এবং লিঙ্গগত পরিচয়। এই গ্রুপগুলির মধ্যে গে-স্ট্রেইট অ্যালায়েন্স (GSAs) অন্তর্ভুক্ত থাকতে পারে।

বোর্ডগুলি এবং অধ্যক্ষরা ছাত্রদেরকে এই গ্রুপগুলির জন্য GSA নামটি অথবা ছাত্রদের বেছে নেওয়া অন্য কোনও নাম ব্যবহার করা থেকে আটকাতে পারবেন না।

ছাত্ররা তাদের স্কুলের প্রয়োজনের ভিত্তিতে অন্যান্য প্রকারের গ্রুপও গঠন করতে পারে।

- ছাত্রদের নেতৃত্বাধীন গ্রুপের নামটিকে অবশ্যই স্কুলের এমন একটি ইতিবাচক পরিবেশ তৈরিতে উত্সাহ দিতে হবে, যা সমস্ত ছাত্রদের অন্তর্ভুক্ত করবে এবং গ্রহণ করবে।

যে সব সংস্থাগুলি সরকারী স্কুলে জায়গা ভাড়া নেয়, বিল 13 তাদের কীভাবে প্রভাবিত করে?

বিল 13 অনুযায়ী স্পোর্টস লীগ ও কমিউনিটি গ্রুপের মত তৃতীয় পক্ষগুলি সরকারী স্কুলের জায়গা ব্যবহার করার সময়ে আচরণের এমন মানদণ্ড অনুসরণ করতে বাধ্য থাকে, যা প্রাদেশিক আচরণবিধির সাথে সুসঙ্গত হয়। বিধিটি সুনিশ্চিত করতে সাহায্য করে, যাতে স্কুলের সম্প্রদায়ের সকল সদস্যের প্রতি সম্মান ও মর্যাদার সাথে আচরণ করা হয় এবং এই বিধিটি বহু বছর ধরেই আছে।

"সামগ্রিক স্কুল পদ্ধতি" কীভাবে স্কুলগুলিকে শেখার পক্ষে আরও ভাল জায়গা করে তোলে?

ইতিবাচক ও অন্তর্ভুক্তিকর স্কুলের পরিবেশ গড়ে তোলার জন্য একটি "সামগ্রিক স্কুল পদ্ধতি" থাকা প্রয়োজন, যা সমগ্র স্কুল ও সমাজ ব্যাপী সুস্থ ও সম্মানপূর্ণ সম্পর্কের ভিত্তিতে হতে হবে।

নিরাপদ, অন্তর্ভুক্তিকর এবং সবাইকে গ্রহণ করে এমন স্কুলগুলি ছাত্রদের ক্লাসরুমে এবং তার বাইরেও সবচেয়ে ভাল কাজ করতে সহায়তা দেয়। নিরাপদ, অন্তর্ভুক্তিকর এবং সবাইকে গ্রহণ করে এমন স্কুলগুলি গড়ে তোলার ক্ষেত্রে প্রত্যেকের একটা ভূমিকা আছে, যার মধ্যে সরকার, স্কুল বোর্ড, স্কুলের কর্মী, পেরেন্ট, ছাত্র এবং সমাজের সদস্যরাও অন্তর্ভুক্ত।

আমরা একসাথে ইতিবাচক স্কুলের পরিবেশ তৈরি করতে পারি যা সমস্ত ছাত্রকে শিখতে, বড় হতে এবং সমৃদ্ধ হতে সাহায্য করে।

বিল 13 একটি সমন্বিত কর্ম পরিকল্পনার অংশ

আইনটি আমাদের সাম্য এবং অন্তর্ভুক্তিকর শিক্ষা এবং নিরাপদ স্কুল কৌশলগুলির ভিত্তিতে তৈরি হয়েছে। আইনটি একটি বৃহত্তর কর্ম পরিকল্পনার অংশ, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- স্কুলগুলিতে আরও বেশি মানসিক স্বাস্থ্য কর্মী নিয়োগ করা এবং গ্রামীণ ও দূরবর্তী এলাকার বাচ্চাদের জন্য একজন মনোবিদ সহ প্রসারিত ভিডিও কাউন্সেলিং পরিষেবা চালু করা।
- অন্টারিও কারিকুলাম কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে সমগ্র পাঠক্রম ব্যাপী সাম্য এবং অন্তর্ভুক্তিকর শিক্ষার আরও নীতিকে এবং উত্পীড়ন প্রতিরোধের কৌশলগুলিকে অন্তর্ভুক্ত করার উপায়গুলি খুঁজে পাওয়া।
- উত্পীড়ন প্রতিরোধ করার ক্ষেত্রে সমস্ত অন্টারিওবাসীর ভূমিকা আছে - এই বিষয়ের উপরে আলোকপাত করে একটি জনসচেতনতা প্রচার চালানো।
- সামগ্রিক স্কুল পদ্ধতির উপরে মনোনিবেশকারী উত্স ও অনুশীলনগুলির সম্বন্ধে পরামর্শ দেওয়ার জন্য একটি অ্যাক্সেপ্টিং স্কুলস্ এক্সপার্ট প্যানেল তৈরি করা, যার মধ্যে উত্পীড়ন প্রতিরোধ এবং হস্তক্ষেপ অন্তর্ভুক্ত।

আরও প্রশ্ন আছে?

পেরেন্টরা অনলাইনে অন্টারিওর নিম্নলিখিত বিষয়গুলির সম্বন্ধে আরও জানতে পারেন:

- সবাইকে গ্রহণ করে এমন স্কুলের জন্য কর্ম পরিকল্পনা www.ontario.ca/acceptingschools
- নিরাপদ স্কুল কৌশল এ www.edu.gov.on.ca/eng/parents/safekit.html
- সাম্য এবং অন্তর্ভুক্তিকর শিক্ষা কৌশল এ www.edu.gov.on.ca/eng/policyfunding/equity.html এ
- প্রাদেশিক আচরণবিধি www.edu.gov.on.ca/eng/safeschools/standards.html এ